# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (১১৪) ‘হঠাৎ সাক্ষাত হয়ে গেল’, ‘হঠাৎ এসে গেলাম’ এ ধরনের কথা বলা জায়েয কি না?

উত্তর: আমরা এতে নাজায়েযের কিছু মনে করি না। মনে হয় এ ধরণের কিছু হাদীস পাওয়া যায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে হঠাৎ দেখা হয়ে গেল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে হঠাৎ দেখে ফেললেন। তবে এ মূহুর্তে নির্দিষ্ট কোনো হাদীস আমার মনে আসছে না। মানুষ কোনো কাজকে হঠাৎ মনে করতে পারে। কারণ, সে গায়েবের খবর জানে না। কিন্তু আল্লাহর ক্ষেত্রে এমনটি হতে পারে না। কারণ, তিনি সকল বিষয়ে অবগত আছেন। প্রতিটি বিষয় আল্লাহর কাছে পূর্ব থেকেই নির্ধারিত। তাই হঠাৎ করে তাঁর কোনো কাজ হতেই পারে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=646

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন